

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭১.২২.৬৩

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১১৭৪০/২০২২-এর পিটিশনার জনাব স্বপ্না আক্তার লিপি-কে স্বপদে পুনর্বহালের বিষয়টি আদালতকে অবহিতকরণ
ও মোকদ্দমা নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্র: ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০৩৯.২২-১৭৬১, তারিখ: ২৯ ডিসেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার জামালপুর পৌরসভার ৪, ৫ ও ৬নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর জনাব স্বপ্না আক্তার লিপি-কে স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখা হতে গত ১৯/০৯/২০২২ খ্রি. তারিখে ১২৪০নং স্মারকের মাধ্যমে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে তিনি সংক্ষুব্ধ হয়ে স্বপদে পুনর্বহালের দাবিতে বাংলাদেশ সংবিধানের ১০২(২)নং অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ১১৭৪০/২০২২ রুজু করেন।

২। গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০৩৯.২২-১৭৬০নং স্মারকে প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখা হতে পিটিশনার জনাব স্বপ্না আক্তার লিপি'র সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাকে স্বপদে পুনর্বহাল করা হয়।

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১১৭৪০/২০২২-এর পিটিশনার জনাব স্বপ্না আক্তার লিপি-কে স্বপদে পুনর্বহালের বিষয়টি আদালতকে অবহিতকরণ সাপেক্ষে এ মোকদ্দমাটি নিষ্পত্তি করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (5047/potrojariAttachmentRef/39340/0/2240)



২৩-১-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭১.২২.৬৩/১

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
- ২) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৩-১-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব